

১৩

তারিখ
পৃষ্ঠা ২ ... কলাম ...

NOV. 11 2002

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়া হচ্ছে কামিল ও ফাজিল কোর্স

যুগান্তর রিপোর্ট

মাদ্রাসা শিক্ষায় কামিল ও ফাজিল কোর্সকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়া হচ্ছে। মাদ্রাসা বোর্ডের অধীন থেকে বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়ার ফলে এ দুই শ্রেণীর ছাত্রছাত্রীরা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো সমান ভিত্তি অর্জন করার সুযোগ পাবেন। এছাড়াও বিসিএসসহ বিভিন্ন চাকরিতে পরীক্ষা দেয়ার জন্য সহজে অংশগ্রহণ করতে পারবেন। এ লক্ষ্যে ইসলামী বিশ্ববিদ্যালয় বিদ্যমান আইন ও মাদ্রাসা বোর্ড অধ্যাদেশ সংশোধন করার প্রস্তাব আজ সোমবার মন্ত্রিসভার বৈঠকে

উত্থাপন করা হচ্ছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, প্রতি বছর মাদ্রাসা বোর্ডের অধীনে ৯ থেকে ১০ হাজার ছাত্রছাত্রী কামিল ও ২৫ থেকে ২৬ হাজার ছাত্রছাত্রী ফাজিল পরীক্ষা দিয়ে থাকে। পরীক্ষায় পাস করার পর এসব ছাত্রছাত্রী মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ও মসজিদভিত্তিক প্রতিষ্ঠান ছাড়া আর কোথাও চাকরি পান না। চাকরির ক্ষেত্রে তাদের সুযোগ সংকুচিত হওয়ার ফলে সরকার এদের শিক্ষা ব্যবস্থাকে কিছুটা তেলে সাজানোর পরিকল্পনা নিয়েছে। জানা গেছে, ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে কামিল ও ফাজিল কোর্স অন্তর্ভুক্ত হলে এ কোর্সকে আরও যুগোপযোগী হিসেবে গড়ে তোলা হবে যাতে বর্তমান বিশ্বায়নের শিক্ষা ব্যবস্থার সঙ্গে ছাত্রছাত্রীরা প্রতিযোগিতায় মৌকবেলা করতে পারেন। এ কোর্সে কারিগরি শিক্ষাও অন্তর্ভুক্ত করার চিন্তা-ভাবনা রয়েছে।